



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২ (এন.এফ.এফ. অনুমোদিত)

প্রধান কার্যালয়ঃ- ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেলঃ- dmwestbengal@gmail.com

ডায়মন্ড হারবার কার্যালয়ঃ- নিউ টাউন, ডায়মন্ড হারবার, দঃ ২৪ পরগণা, পিন - ৭৪৩৩৩১; মোঃ- ৯৮০০২৬৬২৬৫ ।

প্রাপ্ত ক্রিয়া / RECEIVED

অন্য কে সনাক্ত মন্যাদিত নহী ট

COMMENTS NOT VERIFIED

তারিখ / DATE 16/03/2020

১৬ই মার্চ, ২০২০

মার্কিন প্রদারিত মৎস্যাদি পরিচালনা

Inland Fisheries Division, Ministry of India

(মৎস্য বিভাগ, ভারত সরকার)

(Ministry of Fisheries, Govt. of India)

পা - ৭৬, গার্ডেন রিচ রোড,

P-76, GARDEN REACH ROAD,

কলকাতা - 700 043 / KOLKATA - 700 043

প্রতি,
আঞ্চলিক অধিকর্তা,
ইনল্যান্ড ওয়াটারওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া,
কলকাতা অঞ্চল,
পি ৭৮ গার্ডেনরিচ রোড, কলকাতা-৭০০০৪৩

বিষয়ঃ উলুডাঙ্গার কাছে হুগলি নদীতে ফ্লাই এ্যাশ বোঝাই জাহাজ ডুবির বিষয়ে জরুরী
পদক্ষেপের অনুরোধ।

মাননীয় মহাশয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে গত ১২ মার্চ ২০২০ তারিখে উলুডাঙ্গার কাছে হুগলি নদীতে একটি বাংলাদেশগামী ফ্লাই এ্যাশ বোঝাই জাহাজ ডুবেছে। এলাকাটি ইলিশ স্যাংচুয়ারির অন্তর্গত। ডোবা জাহাজটি থেকে জ্বালানি তেল এবং ফ্লাই এ্যাশ নদীর জলে মিশছে এবং নদীর জল দূষিত করছে। এতে হুগলি নদীর মৎস্য সম্পদের ব্যাপক ক্ষতি হচ্ছে। এবং হুগলি নদীর মৎস্য সম্পদের উপর নির্ভরশীল মৎস্যজীবীদের জীবিকা ব্যাপক সংকটের মুখে পড়েছে। তাছাড়া ফ্লাই এ্যাশে থাকা নানা ক্ষতিকর পদার্থ জলে মিশে যাওয়ায় মাছ দূষিত হওয়ার সমূহ সম্ভাবনা, যা জনস্বাস্থ্যের পক্ষে অত্যন্ত ক্ষতিকর।

উল্লেখ্য যে হুগলি নদীতে এর আগেও কয়েকবার এরকম জাহাজ ডুবি হয়েছে এবং তার ফলে নদীর জলে প্রভূত পরিমাণ দূষণ ছড়িয়েছে। গত ২২ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে গোদাখালির কাছে হুগলি নদীতে একটি বাংলাদেশগামী ফ্লাই এ্যাশ বোঝাই জাহাজ ডুবে গিয়েছিল। সেই জাহাজটি তোলার সময় তার সমস্ত ফ্লাই এ্যাশ পাম্প করে নদীতে ফেলে নদীর জলকে দূষিত করা হয়েছে। এই ঘটনার পুনরাবৃত্তি যাতে না হয় সে দিকে প্রশাসনের বিশেষ নজর দেওয়া অত্যন্ত জরুরী।

আরো উল্লেখ্য যে বাংলাদেশে যাতায়াতকারী মালবাহী জাহাজগুলির বেশিরভাগই অত্যন্ত পুরানো ও জলযাত্রার উপযোগী নয়। ইলিশ স্যাংচুয়ারি ও সুন্দরবনের মতো বাস্তুতন্ত্রগত সংবেদনশীল এলাকা দিয়ে এধরণের জাহাজ চালানোর অনুমতি দেওয়া অত্যন্ত দায়িত্বজ্ঞানহীনতার পরিচায়ক।



দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন নং - ২০৪৭৪/৯২ (এন.এফ.এফ. অনুমোদিত)

প্রধান কার্যালয়ঃ- ২০/৪ শিল লেন, কলকাতা- ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স- ০৩৩ ২৩২৮৩৯৮৯; ই-মেলঃ- dmfvestbengal@gmail.com

ডায়মন্ড হারবার কার্যালয়ঃ- নিউ টাউন, ডায়মন্ড হারবার, দঃ ২৪ পরগণা, পিন - ৭৪৩৩৩১; মোঃ- ৯৮০০২৬৬২৬৫ ।

এমতাবস্থায় আপনার কাছে আমাদের একান্ত অনুরোধ -

- ১। অবিলম্বে উলুডাঙ্গার কাছে ডুবে যাওয়া ফ্লাই এ্যাশ বোঝাই জাহাজটিকে নদী থেকে তোলার ব্যবস্থা করুন;
- ২। ডোবা জাহাজের মধ্যে থাকা ফ্লাই এ্যাশ নদীতে না ফেলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন;
- ৩। জাহাজ ডুবির ফলে জলজ পরিবেশ ও মৎস্য সম্পদের কতটা ক্ষতি হয়েছে তার আর্থিক মূল্য নির্ধারণ করুন এবং জাহাজ সংস্থার কাছ থেকে ক্ষতিপূরণ আদায় করুন।
- ৪। ক্ষতিপূরণের অর্থ হগলি নদীর মৎস্য সম্পদের উপর নির্ভরশীল মৎস্যজীবীদের মধ্যে বণ্টনের ব্যবস্থা করুন।
- ৫। ভারত-বাংলাদেশ জলপথে পুরানো ও জলযাত্রার উপযোগী নয় এরকম জাহাজ চলাচল বন্ধে ব্যবস্থা নিন।
- ৬। ইলিশ স্যাংচুয়ারি ও সুন্দরবনের মতো বাস্তুতন্ত্রগতভাবে সংবেদনশীল এলাকা দিয়ে জাহাজ চলাচল বন্ধ করে বিকল্প ব্যবস্থা নিন।

আপনার পক্ষ থেকে দ্রুত ও কার্যকরী পদক্ষেপ প্রত্যাশায়।

ধন্যবাদান্তে,

বিনীত

মিলন দাস,
সাধারণ সম্পাদক,
দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম।